


নিয়োগ বিজ্ঞপ্তি

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডে চুক্তিভিত্তিক ০১ (এক) বছরের জন্য ০১ (এক) জন নির্বাহী প্রকৌশলী (সিভিল) পদে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিয়োগের নিমিত্ত পদের পার্শ্বে বর্ণিত শর্তসাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম ও বেতন	পদ সংখ্যা	বয়স	পদের কর্মপরিধি	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১.	নির্বাহী প্রকৌশলী (সিভিল) (বেতন আলোচনা সাপেক্ষে)	০১ (এক)	৪০-৬০ বছর (অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য)	পিপিআর-২০০৮ অনুযায়ী- ক) EOI আহ্বান করে কনসাল্টিং ফার্ম নিয়োগ সংক্রান্ত যাবতীয় কার্যাদি সম্পাদন করা। খ) BOQ সহ টেন্ডার ডকুমেন্ট প্রস্তুত করা। গ) পূর্ত নির্মাণ ও ইন্টেরিয়র ডিজাইন সংক্রান্ত টেন্ডার আহ্বান করে (ইজিপি এবং ম্যানুয়েল) ঠিকাদার নিয়োগ পর্যন্ত যাবতীয় কার্যাদি সম্পাদন করা। ঘ) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নির্দেশনা এবং চুক্তি মোতাবেক নিয়োগকৃত কনসাল্টিং ফার্মের নিকট হতে যাবতীয় কাজ বুঝে নেয়া এবং তার দাখিলকৃত বিল পরীক্ষা করা। ঙ) নিয়োগকৃত ঠিকাদার কর্তৃক সম্পাদিত যাবতীয় নির্মাণকাজ পরিদর্শন ও পরিবীক্ষণ করা এবং দাখিলকৃত বিল পরীক্ষা করা। চ) এছাড়াও উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক অন্যান্য টেকনিক্যাল কার্যাদি সম্পাদন করা।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রী।	ন্যূনতম ১৫ বছরের অভিজ্ঞতা আবশ্যিক। তন্মধ্যে পদের কর্মপরিধি অনুযায়ী কাজে কমপক্ষে ০৫ বছরের বাস্তব অভিজ্ঞতা।

শর্তাবলী:

- নিয়োগ বিজ্ঞপ্তি www.wewb.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।
- আবেদনপত্রের সাথে প্রার্থীকে (ক) জীবন-বৃত্তান্ত, (খ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ, (গ) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঞ্জন ছবি, (ঘ) জাতীয় পরিচয়পত্র, (ঙ) নাগরিকত্ব সনদ, (চ) প্রথম শ্রেণির দুইজন গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত রেফারেন্সসহ আগামী ২৮-০১-২০২০ তারিখের মধ্যে মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড বরাবর আবেদন করতে হবে।
- আবেদনপত্রের সাথে আবেদনকারীর বর্তমান ও স্থায়ী ঠিকানা (ইংরেজী ও বাংলায়), মোবাইল নম্বর ও ই-মেইল আইডি উল্লেখ করতে হবে।
- মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এস.এস.সি) বা সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে উল্লিখিত বয়স সীমার মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেবিট গ্রহণযোগ্য নয়।
- কর্মরত চাকুরী প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণপূর্বক আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় মূল অনুমতিপত্র প্রদর্শনপূর্বক এক কপি সত্যায়িত ছায়ািলিপি জমা দিতে হবে।
- আবেদনকৃত প্রার্থীদের মধ্যে থেকে বাছাইকৃত ও যোগ্যপ্রার্থীগণকে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচন করা হবে। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীগণকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- মৌখিক পরীক্ষার সময় অবশ্যই শিক্ষা, অভিজ্ঞতা ও প্রশিক্ষণ সনদের সকল মূল কপি প্রদর্শন করতে হবে।
- তথ্য গোপন বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক সংশোধন বা সম্পূর্ণ বিজ্ঞপ্তি বা পুরো নিয়োগ প্রক্রিয়া বাতিল বা সাময়িকভাবে স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোন বিষয় বা অংশের অধিকতর ব্যাখ্যার প্রয়োজনে নিয়োগকারী কর্তৃপক্ষ প্রদত্ত ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে।


(শোয়াইব আহমাদ খান)
যুগ্ম-সচিব
পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড